Prof. (Dr.) Manik Saha

CHIEF MINISTER OF TRIPURA
AGARTALA - 799010

জাতীয় প্রেস দিবস উপলক্ষ্যে

শুভেচ্ছা

জাতীয় প্রেস দিবস উপলক্ষ্যে আমি রাজ্যের সংবাদমাধ্যম জগতের সকল সদস্য, সংবাদকর্মী ও সাংবাদিক বন্ধুদের আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছি।

সংবাদমাধ্যম হলো সমাজের দর্পণ এবং গণতন্ত্রের চতুর্থ স্তম্ভ। গণতান্ত্রিক ব্যবস্থাকে সুদৃঢ় করার পাশাপাশি সমাজের প্রকৃত চিত্র তুলে ধরা, জনস্বার্থসংশ্লিষ্ট বিষয়গুলিকে গুরুত্ব সহকারে জনসমক্ষে উপস্থাপন করা এবং সাধারণ মানুষের আশা-আকাঙ্ক্ষা, সমস্যা ও মতামতকে যথাযথভাবে প্রতিফলিত করার ক্ষেত্রে সংবাদমাধ্যমের ভূমিকা অনস্বীকার্য।

বর্তমান তথ্যপ্রযুক্তির যুগে সত্যনিষ্ঠ, নিরপেক্ষ ও দায়িত্বশীল সাংবাদিকতার গুরুত্ব বহুগুণে বৃদ্ধি পেয়েছে। তাই সংবাদ পরিবেশনের ক্ষেত্রে সত্যতা, নিরপেক্ষতা ও পেশাগত নৈতিকতা বজায় রাখা অত্যন্ত জরুরি। দায়িত্বশীল সাংবাদিকতাই একটি সুস্থ, সচেতন ও সুন্দর সমাজ গড়ে তুলতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

জাতীয় প্রেস দিবস উপলক্ষ্যে আমি রাজ্যের সকল সাংবাদিক ও সংবাদকর্মীর সুস্বাস্থ্য, পেশাগত সাফল্য এবং উজ্জ্বল ভবিষ্যৎ কামনা করছি।

প্রফেসর (ডা.) মানিক সাহা